গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩রা অগ্রহায়ণ, ১৪০৬ বাং/১৭ই নভেম্বর, ১৯৯৯ ইং।

**এস,আর,ও নং ৩৩৭-আইন/৯৯।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতা বলে সরকার বাংলাদেশে কোন ক্রীড়া সুবিধা (Sports facilities) সৃষ্টি কিংবা কোন আঞ্চলিক বা আন্তর্জাতিক টুর্নামেন্ট অনুষ্ঠানের অর্থায়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত কোন ক্রীড়া সংস্থাকে কোন কোম্পানী কর্তৃক প্রদত্ত অনুদানের ক্ষেত্রে উক্ত অনুদানের উপর আরোপণযোগ্য করের ৫০% নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি দান করিল, যথাঃ-

(১) উক্ত অনুদানের পরিমাণ নিম্নবর্ণিত "ক" শ্রেণীর কোন ক্রীড়া সংস্থার ক্ষেত্রে ২০ (বিশ) লক্ষ টাকার অধিক হইবে না এবং "খ" শ্রেণীর কোন ক্রীড়া সংস্থার ক্ষেত্রে ০৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক হইবে না;

(২) সংশ্লিষ্ট আয় বৎসরে অনুদান প্রদানকারী কোম্পানীর অর্জিত মুনাফা থাকিতে হইবে এবং উক্ত কোম্পানী কর্তৃক প্রদত্ত অনুদানের পরিমাণ উক্ত বৎসরের অর্জিত মুনাফার ২৫% এর অধিক হইবে না;

(৩) অনুদান প্রদানকারী কোম্পানী তফসিলভুক্ত কোন ব্যাংকের একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে অনুদান প্রদান করিবে এবং উক্ত চেকের উপর অনুদান গ্রহণকারী ক্রীড়া সংস্থার নাম ও একাউন্ট নম্বরের উল্লেখ থাকিবে;

(৪) অনুদান গ্রহণকারী ক্রীড়া সংস্থাকে অনুদানপ্রাপ্ত অর্থ বৎসরে উহার আয়-ব্যয়ের হিসাব কোন চার্টার্ড একাউন্টেন্ট দ্বারা নিরীক্ষা করাইতে হইবে এবং নিরীক্ষা প্রতিবেদন উক্ত অর্থ বৎসরের পরবর্তী ৩০শে ডিসেম্বরের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন অনুবিভাগে দাখিল করিতে হইবে।

২। প্রত্যেক কর কমিশনার প্রতি বৎসর তাঁহার অধীনস্ত কর সার্কেলের অনুদান প্রদানকারী কোম্পানীর তালিকা ১৫ই নভেম্বরের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন। জাতীয় রাজস্ব বোর্ড উক্ত তালিকা এবং ক্রীড়া সংস্থাসমূহ কর্তৃক দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে অনুদান প্রাপক ক্রীড়া সংস্থাসমূহের তালিকা পরিবর্তন ও পুনর্বিন্যাস করিতে পারিবে।

৩। এই প্রজ্ঞাপন কেবলমাত্র নিম্নবর্ণিত ক্রীড়া সংস্থাসমূহকে প্রদত্ত অনুদানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:

**"ক" শ্রেণী:**

(১) বাংলাদেশ ফুটবল ফেডারেশন, এবং

(২) বাংলাদেশ ক্রিকেট বোর্ড।

"খ" শ্রেণী:

(১) বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশন,
(২) বাংলাদেশ এ্যাথলেটিকস ফেডারেশন,
(৩) বাংলাদেশ হকি ফেডারেশন,
(৪) বাংলাদেশ বক্সিং ফেডারেশন,
(৫) বাংলাদেশ সাইক্লিং ফেডারেশন,
(৬) বাংলাদেশ জিমন্যাস্টিকস ফেডারেশন,
(৭) বাংলাদেশ জুডো ও কারাতে ফেডারেশন,
(৮) বাংলাদেশ রোইং ফেডারেশন,
(৯) বাংলাদেশ ভারাত্তোলন ফেডারেশন,
(১০) বাংলাদেশ কুস্তি ফেডারেশন,
(১১) বাংলাদেশ কাবাডি ফেডারেশন,
(১২) বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন,
(১৩) বাংলাদেশ টেনিস ফেডারেশন,
(১৪) বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশন,
(১৫) বাংলাদেশ শ্যুটিং ফেডারেশন,
(১৬) বাংলাদেশ বধির ক্রীড়া সংস্থা,
(১৭) বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা,
(১৮) বাংলাদেশ ভলিবল ফেডারেশন,
(১৯) বাংলাদেশ স্কোয়াশ র‍্যাকেটস ফেডারেশন,
(২০) বাংলাদেশ দাবা ফেডারেশন,
(২১) বাংলাদেশ শরীর গঠন ফেডারেশন,
(২২) বাংলাদেশ সাঁতার ফেডারেশন,
(২৩) বাংলাদেশ বিলিয়ার্ড এন্ড কার ফেডারেশন,
(২৪) বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন,
(২৫) বাংলাদেশ রোলার স্কেটিং ফেডারেশন,
(২৬) বাংলাদেশ ব্রিজ ফেডারেশন,
(২৭) বাংলাদেশ মার্শাল আর্ট ফেডারেশন,
(২৮) বাংলাদেশ ক্যারাম এসোসিয়েশন,
(২৯) বাংলাদেশ খো খো ফেডারেশন এবং
(৩০) বাংলাদেশ তায়কোয়ানডো ফেডারেশন।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মুহাম্মদ আবদুস সাত্তার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)